



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল
(এন আই এন এস)

শের-ই-বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ

স্মারক: নং-১৩৬/এনআইএনএস/একাডেমিক/এফসিপিএস/ভর্তি/২০১৮-১৯/২৮৫০

তারিখ: ১২/০৩/২০১৯ ইং

এফ.সি.পি.এস ২য় পর্ব পেডিয়াট্রিক নিউরোলজী ও ডেভেলপমেন্ট কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস ও সার্জনস এর অধীনে অত্র ইনস্টিটিউটে জুলাই, ২০১৯ ইং সেশনে ০৩ (তিন) বছর মেয়াদী এফসিপিএস ২য় পর্ব পেডিয়াট্রিক নিউরোলজী ও ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ভর্তির শর্তাবলী:

- ১। প্রার্থীদের জেনারেল পেডিয়াট্রিকস-এ এফ.সি.পি.এস/এম.ডি উত্তীর্ণ হইতে হইবে।
- ২। ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ আগামী ১১/০৪/২০১৯ ইং (অফিস-চলাকালীন সময়ে)
- ৩। লিখিত ও মৌখিক পরীক্ষা আগামী ২৭/০৪/২০১৯ ইং তারিখ সকাল ১০: ০০ ঘটিকায় অত্র ইনস্টিটিউটে অনুষ্ঠিত হইবে।
- ৪। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩০/০৬/২০১৯ ইং তারিখের পূর্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অথবা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের চাকুরীর মেয়াদ ন্যূনতম ০২ (দুই) বৎসর পূর্ণ হইতে হইবে।
- ৫। সরকারী চাকুরীরত প্রার্থীদের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় নির্দেশিত প্রবেশ নীতিমালা প্রযোজ্য হইবে।
- ৬। সরকারী/স্বায়ত্তশাসিত/বেসরকারী চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন কারিতে হইবে।
- ৭। মোট ০৬ (ছয়) জন ছাত্র/ছাত্রী (০৩ জন সরকারী, ০৩ জন বেসরকারী) ভর্তি করা হইবে।
- ৮। ভর্তির আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে অত্র অফিসে ৩২৪ নং কক্ষ অথবা www.nins.com.bd হইতে সংগ্রহ করা যাইবে।
- ৯। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হইবে:

- ক) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
- খ) সরকারী চাকুরীরতদের উপজেলা পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছর চাকুরীর প্রমাণপত্র।
- গ) বর্তমান কর্মস্থলের প্রত্যয়নপত্র।
- ঘ) সত্যায়িত ফটোকপি-এস.এস.সি. সার্টিফিকেট, এম.বি.বি.এস সার্টিফিকেট, ইন্টার্নশীপ সার্টিফিকেট, বিএমডিসি রেজিস্ট্রেশন সার্টিফিকেট, এফ. সি. পি. এস/এমডি (পেডিয়াট্রিকস) সার্টিফিকেট।
- ঙ) জীবন বৃত্তান্ত।
- চ) যোগাযোগের ঠিকানা (ফোন নম্বরসহ)

(অধ্যাপক ডাঃ কাজী দীন মোহাম্মদ)

পরিচালক

ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল

শের-ই-বাংলা নগর, ঢাকা।